নমুনা প্রশ্নপত্র/ Sample Question Paper

মাধ্যমিক / Secondary

বাংলা (২০৩) / Bengali (203)

সময় : 3 ঘন্টা পূর্ণমান : 100

1.সমগ্র প্রশ্নপত্রটি তিন বিভাগে বিভক্ত ।

2.এখানে মোট 15 টি প্রশ্ন রয়েছে ।

3.সব প্রশ্ন বাধ্যতামূলক ।

4.প্রতিটি প্রশ্নের জন্য নির্দিষ্ট নম্বর উল্লেখ করা আছে

5.প্রশ্ন সংখ্যা 1 থেকে 9 এর অন্তর্গত প্রতিটি প্রশ্নের জন্য ১ নম্বর করে ধার্য করা হয়েছে । এগুলি মূলত এক শব্দ বিশিষ্ট প্রশ্ন, সত্য - মিথ্যা ছক মেলানো, শূন্যস্থান পূরণ জাতীয় ।

6. বিভাগ গ - এ 2, 4 ও 6 নম্বরের প্রশ্ন আছে । 14 নং এবং 15 নং প্রশ্নের মান 6 ।

## বিভাগ ক

**1. পাঠক্রম অবলম্বনে প্রথম তালিকার সাথে দ্বিতীয় তালিকার সামঞ্জস্য সাধন করে সঠিক উত্তর নির্বাচন করুন ।**

1 x 5 = 5

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a) শুধু ভাঙা নয় | i) ভাঙা ইহাদের পথে নিতে হবে সাথে দিতে হবে অধিকার |
| b) কান্ডারী হুশিয়ার | ii) তাদের নাকের কাছে ধরে দিও ফুলের একটু গন্ধ |
| c) ছাড়পত্র | iii) যখন প্রলয় আসে সে বোবা অন্ধ হয়ে যায়, |
| d) জন্মভূমি আজ | iv) জীর্ণ পৃথিবীতে ব্যর্থ মৃত আর ধ্বংসস্তূপ পিঠে |
| e) দাঁড়াও | v) মানুষ ফাঁদ পাতছে তুমি পাখির মত পাশে দাঁড়াও |

**2. নিম্নোক্ত মন্তব্যগুলির মধ্যে কোনটি সত্য খুজে বের করুন। একই সাথে মিথ্যে মন্তব্যটি চিনিহত করুন । (যে কোনো 5 টি)** 1x 5 = 5

a) বাংলা বর্ণমালা তে ১১ টি স্বরবর্ণ আছে ।

b) বাংলা বর্ণমালায় মোট দুটি যৌগিক স্বর পাওয়া যায় ।

c) ‘অ’ একটি তালব্য বর্ণ ।

d) ‘ঞ্চ’ বর্ণটি ‘ঙ+চ’ যোগে গড়ে উঠেছে ।

e) বিশেষ্য পদকে সর্বনাম পদে রূপান্তরিত করা যায় ।

f) 'ঔ' বর্ণটি 'ও+উ' বর্ণের একসঙ্গে উচ্চারিত রূপ।

**3. নিম্নোক্ত মন্তব্যগুলি শুদ্ধ - অশুদ্ধ বিচার করুন । (যে কোনো 11 টি )** 1x 11 = 11

a) নবাবগঞ্জ আশ্রমের মুখপত্র হাতে খড়ি ।

b) পঞ্চকদের পিতামহ বিষকুম্ভ কাকুরের মধ্যে জন্মগ্রহণ করেছিলেন ।

c) পঞ্চক শোনপাংশুদের কাছে যে বইটির নাম করেছিল তা হল দিকচক্রচন্দ্রিকা।

d) দক্ষিণ দিকের রং রুই মাছের পেটের মতো।

e) হিন্দি রেকর্ডটি বন্ধ হয়ে গিয়েছিল ।

f) 'তিমির রাত্রি ' - এর  অর্থ অন্ধকার রাত্রি ।

g) নাটকে মোট তিন জন শোনপাংশুকে কথা বলতে দেখা যায় ।

h) পিয়েরের বাসাটি ছিল প্যারিস শহরের থেকে কিছুটা দূরে।

I) মাটির নিচে পাওয়া হাতিয়ারগুলো ছিল পৌরাণিক যুগের ।

j) রেকর্ড গল্পে, গানের ডক্টরেট উপাধিটি ছিল ওয়েস্টার্ন মিউজিকে ।

k) জ্যাক দুদিনের ছুটি পেয়েছিল ।

l) নারায়ণ গঙ্গোপাধ্যায়ের লেখা 'লক্ষীর ঝাঁপি' গ্রন্থ থেকে 'রেকর্ড' গল্পটি গৃহীত হয়েছে।

m) পালামৌ ছেড়ে ছেলে বউ মেয়েকে নিয়ে পূর্তি চোট্টি নদীর তীরে ঘর তৈরি করেছিল।

**4. প্রথম বন্ধনীর অন্তর্ভুক্ত শব্দভান্ডার থেকে যে কোনো একটি শব্দের দ্বারা শূন্যস্থান পূরণ করুন । (যে কোনো 5 টি )**

1 x 5 = 5

a) ________ জুড়ে আরো ভালো এক ছবি (দেশ /মন / জীবন / পৃথিবী)

b) লঙ্ঘিতে হবে রাত্রি _______,যাত্রীরা হুশিয়ার । (দিন / নিশীথে / ভুলে / হলে)

c) 'মানুষই ফাঁদ পাচ্ছে' এখানে 'মানুষ' শব্দটি কোন ধরণের মানুষের অর্থে ব্যবহৃত করা হয়েছে -__________ (অশিক্ষিত /শিক্ষিত /চক্রান্তকারী /আত্মকেন্দ্রিক)

d) মাথার ওপর একটা __________ কালো আকাশ । (ভয়ংকর /বীভৎস /শান্ত /বিকট)

e) __________ লোকের পথে লেখা মাত্র চিহ্ন রাখিবেনা, (জ্যোতিষ্ক /অনন্ত /পৃথিবী/ ব্রহ্মাণ্ড)

f) যখন ___________ আসে, সে বোবা ও অন্ধ হয়ে যায় । (প্রলয়/ মাষ্টারমশাই / মা / ঝড়)

**5. নিচের মন্তব্যগুলিকে ক্রমানুসারে সাজান প্রতিটি মন্তব্য 'রেকর্ড' গল্পাংশ থেকে গৃহীত ।** 1 x 4 = 4

a) একটা অচেনা অজানা পুরনো রেকর্ড কিনে আচ্ছা জ্বালা হল তো !

b) রেকর্ডটা শুনে চমকে উঠলেন ।

c) -ওই রেকর্ডটা, - ভারী অস্বস্তি লাগছে ।

d) হিন্দি রেকর্ডটা থেমে গিয়েছিল ।

<u>বিভাগ খ</u>

**6. সঠিক উত্তর বেছে নিয়ে নিচের তথ্যগুলি পুরণ করুন । (যে কোনো 6 টি প্রশ্নের উত্তর দিন)** 1 x 6 = 6

i) ছোট্ট যে রঙের উঠোনে হামাগুড়ি দেয় তা -

a) হলুদ b) সবুজ c) মাটির d) পাথরের

ii) 'কাণ্ডারি হুঁশিয়ার' কবিতায় 'লঙ্ঘিতে হবে' বলতে বোঝানো হয়েছে -

a) অতিক্রম করতে হবে b) দৌড়াতে হবে c) চলতে হবে d) লাফ দিতে হবে

iii) তোমাকে সেই সকাল থেকে তোমার মত মনে পড়ছে, সন্ধ্যে হলে মনে পড়ছে, রাত্রের রাতের বেলা মনে পড়ছে । এখানে 'সকাল সন্ধ্যা' এবং 'রাতের বেলা' বলতে বোঝানো হয়েছে -

a) সকাল সন্ধ্যা ও রাত্রি তিন সময়কে b) দিনের শুরু দিনের শেষ এবং সমস্ত রাত্রিকে

c) সমগ্র দিনকে d) সর্বক্ষণকে

iv) মদমত্ত হাতির উল্লেখ আছে যে কবিতায় -

a) দাঁড়াও b) ছাড়পত্র c) কান্ডারী হুশিয়ার d) শুধু ভাঙা নয়

v) 'ছাড়পত্র' কথার অর্থ হল -

a) অনুমতি পত্র b) অনধিকার পত্র c) ছেড়ে দেওয়ার চিঠি d) ছিঁড়ে যাওয়া চিঠি

vi) 'দাড়াও' কবিতা রচনা করেছিলেন -

a) শক্তি চট্টোপাধ্যায় b) রবীন্দ্রনাথ ঠাকুর c) সুভাষ মুখোপাধ্যায় d) জীবনানন্দ দাশ

vii) 'ছাড়পত্র' কবিতায় শিশুটির জন্ম হয় –

a) দিনের বেলা b) বিকেলবেলা c) দুপুরবেলা d) রাত্রিবেলা

viii) 'জন্মভূমি আজ' কবিতায় মানুষকে কবি যে দিকে তাকাতে বলেছেন -

a) আকাশের দিকে b) ভবিষ্যতের দিকে c) অতীতের দিকে d) মাটির দিকে

ix) 'ভারতের দিবাকর' বলা হয়েছে –

a) ভারতের গৌরবের ইতিহাসকে a) ভারতের অতীত কলঙ্ককে c) ভারতের শৌর্য - বীর্যকে

d) ভারতের স্বাধীনতা সূর্যকে

x) সাত্রীর কাজ -

a) রাজ্যশাসন করা	b) প্রজাদের থেকে কর সংগ্রহ করা	c) দূর্গ পাহারা দেওয়া

d) রাজার পোশাক পরিবর্তন করা

xi) ‘কান্ডারী হুশিয়ার’ কবিতায় ‘কান্ডারী’ প্রকৃতপক্ষে -

a) দেশের সৈনিক	b) দেশ	c) কোনো এক নৌকা	d) জীবন

**7. যুক্তি ও মন্তব্য শুদ্ধ কিনা বিচার করুন। (যে কোনো 5 টি )** 1 x 5 = 5

i) যুক্তি - মহাশ্বেতা দেবী মুন্ডা সম্প্রদায়ের ন্যায় অধিকার অর্জনের স্বপক্ষে লড়াইয়ের কথা অরণ্যের অধিকার গ্রন্থে বলেছেন।

মন্তব্য - মহাশ্বেতা দেবীর নিজে মুন্ডা সম্প্রদায়ের অংশ ছিলেন।

a) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ	b) যুক্তি শুদ্ধ	c) যুক্তি অশুদ্ধ মন্তব্য শুদ্ধ

d) মন্তব্য শুদ্ধ

ii) যুক্তি - প্রথম বিশ্বযুদ্ধে পিয়েরকে যেতে হয়েছিল।

মন্তব্য - ওই সব দেশে যুদ্ধ লাগলে সাধারণ মানুষ যুবকদের যুদ্ধে যোগদান করতে হয়। এটাই নিয়ম।

a) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ	b) যুক্তি শুদ্ধ	c) যুক্তি ও মন্তব্য শুদ্ধ	d) মন্তব্য শুদ্ধ

iii) যুক্তি – জীবনে সুন্দর অসুন্দর উভয়েই আছে।

মন্তব্য - শুধু সুন্দরকে প্রতিষ্ঠা করতে হবে, অসুন্দরকে দূরে সরিয়ে দিতে হবে।

a) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ	b) যুক্তি শুদ্ধ	c) যুক্তি ও মন্তব্য শুদ্ধ	d) মন্তব্য শুদ্ধ

iv) যুক্তি – গান হল জীবনের জয়ের গান।

মন্তব্য - যে মানুষ গান গাইতে জানে না সৃষ্টি এবং ভালোবাসার আবেগ সঞ্চারিত হয় না, যার মধ্যে সেই বিপদের সময় বোবা এবং অন্ধ হয়ে যায়।

a) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ	b) যুক্তি শুদ্ধ	c) যুক্তি ও মন্তব্য শুদ্ধ	d) মন্তব্য শুদ্ধ

v) যুক্তি – খেসারি ডাল পঞ্চকরা বাড়িতে ঢোকায় না।

মন্তব্য – খেসারি ডাল খেলে ঘোরতর অসুখ করতে পারে।

a) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ	b) যুক্তি শুদ্ধ	c) যুক্তি অশুদ্ধ মন্তব্য শুদ্ধ	d) মন্তব্য শুদ্ধ

vi) যুক্তি - মেয়েটি হলুদ রজনীগন্ধা তৈরির চেষ্টা করছিল।

মন্তব্য – মেয়েটির বাবাকে অবাক করে দিতে চেয়েছিল।

a) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ b) যুক্তি শুদ্ধ c) যুক্তি ও মন্তব্য শুদ্ধ d)মন্তব্য শুদ্ধ

**8. পরবর্তী লাইনটি খুঁজে ঠিক [ ✓ ] চিন্হ দিন। (যে কোনো 5 টি )** 1 x 5 = 5

i) সে ভাষা বোঝে না

a) কেউ হাসে, কেউ করে মৃদু তিরস্কার। b) কেউ হাসে, কেউ কাঁদে দূরে হাহাকার।

ii) আস্ত একটি জীবনকে ঘরে আনা যাক

a) ভেঙো নাকো শুধু ভাঙা নয় b) - একটুও যার ভাঙা নয়

iii) এসে দাঁড়াও ভেসে দাঁড়াও এবং ভালোবেসে দাঁড়াও

a) মানুষ বড় একলা তুমি তাহার পাশে এসে দাঁড়াও b) মানুষ বড় কাঁদছে তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও

iv) আমি কিন্তু মনে মনে বুঝেছি সে ভাষা

a) পেয়েছি নতুন চিঠি আসন্ন যুগের - b) জন্মমাত্র সুতীব্র চিৎকারে।

v) ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা জীবনের জয়গান

a) আসি অলক্ষ্যে দাঁড়ায়েছে তারা, দিবে কোন বলিদান ?

b) আজি পরীক্ষা, জাতির অথবা জাতের করিবে ত্রাণ ?

vi) কে আছো জোয়ান, হও আগুয়ান, হাঁকিছে ভবিষ্যৎ।

a) লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুঁশিয়ার।

b) এ তুফান ভারী দিতে হবে পাড়ি, নিতে হবে তরী পার।

**9. প্রবন্ধ থেকে গৃহীত সম্ভাব্য উত্তরগুলির মধ্যে সঠিক উত্তরটি বেছে নিন।** (যে কোনো 4 টি ) 1 x 4 = 4

i) ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধটি প্রথম যে বইতে স্থান পায় -

a) অন্নদাশঙ্কর রায়ের শ্রেষ্ঠ প্রবন্ধ b) অন্নদাশঙ্কর রায়ের প্রবন্ধ সমগ্র c) ভারতীয় সংস্কৃতির ধারা d) শিক্ষার সংকট

ii) আর্য পূর্ব ও আর্য মিলে হয় -

a) প্রাচীন হিন্দু b) হিন্দু c) হিন্দুস্থানী d) মুসলমান

iii) হিন্দু ও মুসলমানের দুটি বড় উৎসব আছে। একটি দুর্গোৎসব অন্যটি হল-

a) ঈদ b) সরস্বতী পূজা c) রাস উৎসব d) যীশুর জন্মদিন পালন

iv) মিলনের কথা প্রবন্ধে যারা চাষ করেন তাদের মধ্যে একজনের নাম

a)বিষ্ণু মন্ডল। b)শ্রীহরি মন্ডল। c)রহিম মন্ডল। d)শ্রী হরি শেখ।

v) ভারতীয় হিন্দু বৌদ্ধ সংস্কৃতি বহির ভারতে পরিব্যাপ্ত হয় যে যুগে

a) চতুর্থ যুগে b) তৃতীয় যুগে c) পঞ্চম যুগে d) কোনোটিই সঠিক নয়

## বিভাগ গ

**10. প্রতিটি প্রশ্নের উত্তর লিখুন । (যে কোনো 6টি )** 2 x 6 = 12

a) বর্ণ বলতে কী বোঝানো হয় ?

b) পঞ্চক কোন কোন কাজ করা খারাপ বলে জানতে পেরেছিল ?

c) তীরন্দাজীর পরীক্ষায় আদিবাসীদের পক্ষ থেকে কী পুরস্কার দেওয়া হয়েছিল ?

d) মিলনের কথা পাঠ্যের মূল বিষয়বস্তু একটি বাক্যে লিখুন ।

e) ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধটি কত সালে কে লিখেছিলেন ?

f) বাসা তৈরি হয়েছে দুটি প্রাণীর ভালোবাসা দিয়ে । দুটি প্রাণী কারা উল্লেখ করুন ।

g) 'ছোঁওয়াছুঁয়ি মন্ত্রতন্ত্র' পাঠে "তোরা দেখবি কি রে? সর্বনাশ ।" কথাটি কে কাকে বলেছিলেন ?

**11. পদ পরিবর্তন করে সেই পদ দিয়ে নতুন বাক্য রচনা করুন। (যে কোনো 5 টি)** 2 x 5 = 10

a) চিত্র

b) ঋতু

c) ঋজু

d) শূর

e) সুন্দর

f) ঢাকাই

g) ইহ

12. a) বাংলা ভাষা এবং উপভাষার মধ্যে দুটি পার্থক্য নিরূপণ করুন । বাংলা ভাষার রীতি কয় প্রকার ও কি কি ?

4 +4 = 8

অথবা

b) বাংলা বর্ণমালায় বর্ণ কয় ভাগে বিভক্ত ও কি কি ? প্রতিটি ভাগের দুটি করে বৈশিষ্ট্য লিখুন ।

4 + 4 = 8

**13. যে কোনো চারটি প্রবাদ প্রবচনের অর্থ লিখে একটি করে বাক্যরচনা করুন।** 2 x 4 = 8

a) দশচক্রে ভগবান ভূত

b) ধনুক ভাঙা পণ

c) এক ঢিলে দুই পাখি মারা,

d) ঠক বাজতে গা উজার

e) আঠারো মাসে বছর

f) জলে কুমির ডাঙায় বাঘ

**14. নিচের অংশটি পড়ে বিষয় সংক্ষেপ করে লিখুন।** 6 x 1 = 6

পৃথিবীর যেখানে যত মানুষের অস্তিত্ব আছে, তারা সকলে এক জাতি এবং সেই জাতির নাম মানব জাতি। এই বসুন্ধরার বুকেই সব মানুষ লালিত - পালিত এবং একই সূর্য ও চন্দ্র তাদেরকে সমানভাবে আলো প্রদান করে থাকে। বিধাতার অপূর্ব সৃষ্টি এই মানবজাতির। বুদ্ধি, জ্ঞান - বিজ্ঞান ইত্যাদি সকল কিছুর সাহায্যে পৃথিবীতে আজ মানুষের প্রাধান্য বিস্তার হয়েছে। ঈশ্বর প্রদত্ত যাবতীয় প্রাকৃতিক বস্তুয়াদিকে যথাযথ রূপে ব্যবহার করে মানুষ আজ চরম উন্নতির শিখরে পৌঁছেতে পেরেছে। নিত্যনতুন দুরূহ তত্ত্বের স্বরূপ উদঘাটন করে স্রষ্টার মনে বিস্ময়ের দোলা দিচ্ছে এই মানুষই। বিশ্বশ্রেষ্ঠা নিজেই এসব দেখে অভিভূত হয়ে ওঠেন। পৃথিবী আজ আর মানুষের কাছে অজ্ঞাত নয়, অপরিচিত নয়, এক প্রান্তের মানুষ আপদে বিপদে সুখে - দুখে সহযোগিতার অকৃপণ হাত প্রসারিত করে দেয় অপর প্রান্তের মানুষের জন্য। তবু যেন মাঝে মাঝে আদিম স্বভাব সুলভ নিষ্ঠুরতা, হিংসতা, নির্মমতা জাগে মানুষের মধ্যে। হয়ে যায় নিজেই নিজের শত্রু। দেশ ও কালের সীমারেখা টেনে, জাতি - ধর্ম - বর্ণ নির্বিশেষে নিজেদের সংকীর্ণ দলাদলিতে সীমাবদ্ধ করে ফেলে মানুষ নিজেই। ফলে তার হৃদয়ের ঔদার্য, মনের সুখ, চিন্তা - ভাবনার উৎকর্ষতা ক্ষীণ হয়ে পড়ে। তখনই মানুষ আর পশুতে ভেদাভেদ থাকে না; আরম্ভ হয়ে যায় পারস্পরিক হানাহানি, দলাদলি। সংকীর্ণ ভেদবুদ্ধির উর্ধ্বে উঠে মনে - প্রাণে উপলব্ধি করতে হবে অখন্ড মানবজাতির মহিমা এবং নির্দ্বিধায় দৃঢ় প্রত্যয়ে স্মরণ রাখতে হবে সমগ্র পৃথিবীতে সমস্ত মানুষেরা একটি মাত্র জাতি যার নাম মানবজাতির।

**15. নিচের যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুন।** 6 x 1 = 6

a) *ছাত্রদের সামাজিক দায়িত্ব*
(ভূমিকা - সমাজ ও ছাত্রদের শিক্ষা - সামাজিক সংকট ও ছাত্র সমাজ - সমাজকল্যাণে করণীয় কাজ - উপসংহার)

b) *প্রাত্যহিক জীবনে যোগ ব্যায়াম*
(ভূমিকা - যোগ - যোগের উপকারিতা - যোগের সাথে গ্রহণীয় খাদ্যাদি - উপসংহার)

c) *ভ্রমণ হল শিক্ষার অঙ্গ*

(ভূমিকা - শিক্ষা ও ভ্রমণের মেলবন্ধন - ভ্রমণের স্থানে শিক্ষামূলক কিছু করণীয় কাজ - ভ্রমণের অভিজ্ঞতা - উপসংহার)

d) জাতীয় সংহতি

(ভূমিকা - জাতীয় সংহতির স্বরূপ - সংহতির বাধা - জাতীয় শিক্ষার প্রয়োজনীয়তা ও নিরক্ষরতা দূরীকরণ - উপসংহার)

## উত্তরমালা

## বিভাগ ক

1. প্রথম তালিকা — দ্বিতীয় তালিকা

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a) শুধু ভাঙা নয় | ii) তাদের নাকের কাছে ধরে দিও ফুলের একটু গন্ধ। |
| b) কান্ডারী হুশিয়ার | i) ইহাদের পথে নিতে হবে সাথে, দিতে হবে অধিকার। |
| c) ছাড়পত্র | iv) জীর্ণ পৃথিবীতে ব্যর্থ মৃত আর ধ্বংসস্তূপ পিঠে |
| d) জন্মভূমি আজ | iii) যখন প্রলয় আসে সে বোবা অন্ধ হয়ে যায়, |
| e) দাঁড়াও | v) মানুষ ফাঁদ পাতছে তুমি পাখির মত পাশে দাঁড়াও |

2. a) সত্য
   b) সত্য
   c) মিথ্যা
   d) মিথ্যা
   e) মিথ্যা
   f) সত্য

3. a) শুদ্ধ
   b) অশুদ্ধ
   c) শুদ্ধ
   d) শুদ্ধ
   e) শুদ্ধ
   f) শুদ্ধ
   g) শুদ্ধ
   h) শুদ্ধ
   I) অশুদ্ধ
   j) শুদ্ধ
   k) শুদ্ধ
   l) শুদ্ধ

4. a) দেশ
   b) নিশীথে
   c) চক্রান্তকারী

d) ভয়ংকর

e) জ্যোতিষ্ক

f) প্রলয়

5. d) হিন্দি রেকর্ডটা থেমে গিয়েছিল।

c) -ওই রেকর্ডটা, - ভারী অস্বস্তি লাগছে।

a) একটা অচেনা অজানা পুরনো রেকর্ড কিনে আচ্ছা জ্বালা হল তো !

b) রেকর্ডটা শুনে চমকে উঠলেন।

<u>বিভাগ খ</u>

6. i) b) সবুজ

ii) a) অতিক্রম করতে হবে

iii) d) সর্বক্ষণকে

iv) d) শুধু ভাঙা নয়

v) a) অনুমতি পত্র

vi) a) শক্তি চট্টোপাধ্যায়

vii) d) রাত্রিবেলা

viii) d) মাটির দিকে

ix) d) ভারতের স্বাধীনতা সূর্যকে

x) c) দূর্গ পাহারা দেওয়া

xi) b) দেশ

7. i) a) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ

ii) c) যুক্তি ও মন্তব্য শুদ্ধ

iii) c) যুক্তি ও মন্তব্য শুদ্ধ

iv) c) যুক্তি ও মন্তব্য শুদ্ধ

v) a) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ

vi) c) যুক্তি ও মন্তব্য শুদ্ধ

8. i) a) কেউ হাসে, কেউ করে মৃদু তিরস্কার।

ii) b) - এমানুষইকটুও যার ভাঙা নয়।

iii) b) মানুষ বড় কাঁদছে তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও।

iv) a) পেয়েছি নতুন চিঠি আসন্ন যুগের

v) a) আসি অলক্ষ্যে দাঁড়ায়েছে তারা, দিবে কোন বলিদান ?

vi) b) এ তুফান ভারী দিতে হবে পাড়ি, নিতে হবে তরী পার।

9. i) d) শিক্ষার সংকট

ii) a) প্রাচীন হিন্দু

iii) a) ঈদ

iv) a) শ্রীহরি মন্ডল।

v) b) তৃতীয় যুগে

## বিভাগ গ

10. a) ধ্বনির লিখিত রূপকে বর্ণ বলা হয় ।

b) পঞ্চুক কাঁকুরের চাষ, খেসারী ডালের চাষ, লোহা পেটানো ভয়ঙ্কর খারাপ কাজ বলে জানতে পেরেছিল ।

c) একটা শূকর পুরস্কার দেওয়া হয়েছিল ।

d) হিন্দু মুসলমান ধর্মমাত্র হলেও মানুষ সমস্ত ধর্মের উর্ধ্বে ।

e) ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধটি ১৯৭২ সালে অন্নদাশঙ্কর রায় লিখেছিলেন ।

f) পিতা পিয়ের ও মাতৃহারা কন্যা ক্যামিল ।

g) পঞ্চুক গুরুর সম্পর্কে শোনপাংশুদের "তোরা দেখবি কি রে? সর্বনাশ ।" কথাটি বলেছিলেন ।

11. a) চিত্রিত

b) আর্তব

c) আর্জব

d) শৌর্য

e) সৌন্দর্য

f) ঢাকা

g) ঐচ্ছিক

12. a) ভাষা - বিশেষ জনগোষ্ঠীর নিজেদের ভাবপ্রকাশের জন্যে ব্যবহৃত অর্থযুক্ত ধ্বনি বা ধ্বনিমালার উচ্চারণ।

বাংলা ভাষার নির্দিষ্ট একটি রূপ আছে এবং প্রামাণ্য ভাষা হিসেবে গ্রহণীয় হয়।

উপভাষা - নির্দিষ্ট অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ ।

উপভাষা প্রামাণ্য ভাষা হিসেবে ব্যবহৃত হয় না|

বাংলা ভাষার ব্যবহারের রীতি দুই প্রকার | যথা - সাধু ভাষা ও চলিত ভাষা |

অথবা

b) বাংলা বর্ণমালাকে দু ভাগে বিভক্ত করা যায় | স্বরবর্ণ এবং ব্যঞ্জনবর্ণ |

স্বরবর্ণের বৈশিষ্ট্য –

অন্য বর্ণের সাহায্য ছাড়াই উৎসারিত হতে সক্ষম|

ব্যঞ্জনবর্ণ উচ্চারণের ক্ষেত্রে স্বরবর্ণ সহায়ক ভূমিকা পালন করে থাকে|

ব্যঞ্জনবর্ণের বৈশিষ্ট্য –

প্রতিটি ব্যঞ্জন বর্ণের সঙ্গে ও স্বরবর্ণটি যুক্ত থাকে |

প্রতিটি ব্যঞ্জনবর্ণ মুখগহবরের কোনো না কোনো অংশকে স্পর্শ করে থাকে | যেমন জিভ, কণ্ঠ, তালু, দাঁত, ঠোঁট ইত্যাদি |

13.a) বহুজনের ষড়যন্ত্রে নির্দোষ ব্যক্তি কলঙ্ক লিপ্ত হয়

b) দৃঢ় প্রতিজ্ঞা

c) একবারে দুটি কাজ করা

d) নির্দোষ কাউকে খুঁজে না পাওয়া

e) কুড়ে মানুষ

f) দুদিকেই বিপদ

14. সব মানুষই সমান | জাতি ধর্ম বর্ণ নিয়ে ভেদাভেদ সৃষ্টি করে এই মানবজাতিকে আলাদা করা যায় না | এই পৃথিবী এবং একই চন্দ্র সূর্যের তারা লালিত |

15. নিজের ভাষায় প্রবন্ধ রচনা করুন |